NYC Health

# বাড়িতে সীসাযুক্ত রংয়ের বিপদসমূহ

## বাড়ি নিরাপদ রাখতে ভাড়াটিয়াদের কী কী জানা উচিত এবং ভবন মালিকদের কী কী করতেই হবে





সীসা হল একটি বিষ যা প্রায়শই পুরনো রঙে দেখতে পাওয়া যায়। সীসাঘটিত বিষক্রিয়া শিশুদের মধ্যে শেখার এবং আচরণগত সমস্যার কারণ হতে পারে। 1960 সালের আগে নির্মিত ভবনগুলির দেওয়াল, জানলা, জানালার গরাদ, দরজা এবং অন্যান্য তলগুলিতে সীসাযুক্ত রং থাকতে পারে।

রংয়ের চলটা উঠলে বা বাড়ির মেরামতি অনিরাপদভাবে করা হলে, সীসাযুক্ত রং এবং ধুলো আপনার ঘরের সর্বত্র ছড়িয়ে পড়তে পারে। শিশুরা তাদের হাত অথবা খেলনাগুলো মুখে দিলে, সীসার ধুলো তাদের পেটে যেতে পারে।

যে সব পুরনো ভাড়াবাড়িগুলিতে 5 বছর বা তার থেকে ছোট বয়সী বাচ্চারা থাকে বা সপ্তাহে অন্তত 10 ঘণ্টা কাটায় সেই সব ভবনের মালিকদের তাদের অ্যাপার্টমেন্টগুলি থেকে সীসাযুক্ত রংয়ের বিপদ দূর করতে হবে।

**সীসাযুক্ত রংয়ের বিপদগুলির** মধ্যে রয়েছে সীসাযুক্ত রং যেগুলি চলটা উঠছে বা ক্ষতিগ্রস্ত হয়েছে বা মেঝেতে পড়ছে যেমন প্লাস্টারের গুঁড়ো, পচা কাঠ, এবং সেই দরজা ও জানাগুলি থেকে যেগুলি একে-অপরের সাথে স্পর্শ করে, আটকায় বা ঘষা লাগে।

## ভবন মালিকেরা অবশ্যই:

- তাদের অ্যাপার্টমেন্টে কোন 5 বছর বা তার কম বয়সী শিশু সপ্তাহে অন্তত 10 ঘণ্টা কাটাচ্ছে কিনা তা জানতে চেয়ে তাদের ভাড়াটিয়াদের বছরে একটি করে বিজ্ঞপ্তি পাঠাবেন।

- কম বয়সী শিশু বা সীসাযুক্ত রংয়ের বিপদ আছে কিনা তা দেখতে অ্যাপার্টমেন্টগুলি পরিদর্শন করবেন, এবং পরিদর্শনের ফলাফল ভাড়াটিয়াদের দেবেন।
- নিরাপদ কার্যাভ্যাসগুলিকে ব্যবহার করে সমস্ত ভাড়ার ইউনিটগুলি থেকে সীসাযুক্ত রংয়ের বিপদ দূর করবেন। সেই সমস্ত জানালা ও দরজাগুলিতে নতুন ভাড়াটিয়া আসার আগে কোনরকম সীসাযুক্ত রং থাকা উচিৎ নয় যেগুলি একে-অপরের সাথে লেগে থাকে, আটকায় বা ঘষা লাগে।
- ভাড়াটিয়া যে অ্যাপার্টমেন্টে রয়েছেন সেই অ্যাপার্টমেন্টের সীসাযুক্ত রংয়ের বিপদ যদি দূর না করা যায় তাহলে তাদের জন্য সাময়িক বাসস্থানের বন্দোবস্ত করবেন।
- একটি ঘরে যখন 100 বর্গফুটের বেশি সীসাযুক্ত রং তুলে ফেলা হবে অথবা রং করা একটি বা তার বেশি সংখ্যক জানালা বদলানো হবে তখন নিউ ইয়র্ক শহর (New York City, NYC)-এর স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental Hygiene)-কে তা জানাবেন।
- সীসাযুক্ত রংয়ের পরিদর্শন, বিজ্ঞপ্তি এবং মেরামতি সংক্রান্ত রেকর্ডগুলি অন্তত 10 বছর রাখবেন।

## ভাড়াটিয়ারা অবশ্যই:

- প্রতি বছর 15ই ফেব্রুয়ারীর মধ্যে বার্ষিক বিজ্ঞপ্তিটি পূরণ করবেন ও জামা দেবেন।
- তাদের বাড়িতে থাকা ছোট শিশুর কথা অথবা তাদের বাড়িতে যদি 5 বছর বা তার কম বয়সী কোন শিশু সপ্তাহে অন্তত 10 ঘণ্টা সময় কাটাতে আসে তার কথা তাদের ভবন মালিকদের জানাবেন।

## নিরাপদ কার্যাভ্যাসগুলি:

সীসাযুক্ত রংয়ের বিপদ দূর করার কাজ করানোর সময় এবং সীসাযুক্ত রং তুলে ফেলে এমন জিনিসগুলির মেরামতির সময় U.S. EPA-অনুমোদিত কর্মীদের দিয়ে কাজ করান।

কাজের এলাকার বাইরে সতর্কতার চিহ্নগুলি টাঙান।

সমস্ত আসবাবপত্রগুলিকে সরিয়ে ফেলুন বা ঢেকে দিন। প্লাস্টিক বা ওয়াটারপ্রুফ টেপ দিয়ে সমস্ত মেঝে, দরজা ও খোলা অংশগুলিকে সীল করে দিন।

ভিজে নেতা দিয়ে অথবা একটি HEPA ভ্যাকুয়াম দিয়ে রোজ কাজের জায়গাগুলিকে পরিষ্কার করুন। কাজ শেষ হয়ে যাবার পর শেষবার পরিষ্কারের ক্ষেত্রে, প্রথমে একটি HEPA ভ্যাকুয়াম দিয়ে পরিষ্কার করুন, তারপর ভিজে নেতা দিয়ে মুছুন, আর তারপর আবার একটি HEPA ভ্যাকুয়াম দিয়ে পরিষ্কার করুন।

সীসার ধুলোর স্তর নিরাপদ পর্যায়ে আছে তা নিশ্চিত করতে কাজ হয়ে যাবার পরে একজন নিরপেক্ষ EPA (পরিবেশ সুরক্ষা এজেন্সি)-অনুমোদিত ঠিকাদারকে দিয়ে ক্লিয়ারেন্স ডাস্ট ওয়াইপস করান।

**সীসাযুক্ত রং কখনও শুকনো অবস্থায় বা শুকনো শিরিষ কাগজ দিয়ে ঘষবেন না।**

### 5-বছর পরীক্ষার আবশ্যকতা (2020-র স্থানীয় আইন 31)

ভবন মালিকদের সীসাযুক্ত রংয়ের জন্য সমস্ত অ্যাপার্টমেন্ট অবশ্যই, আগস্ট 2025-এর মধ্যে, অথবা একটি 5 বছর বা তার কম বয়সী শিশু অ্যাপার্টমেন্টে বসবাস করতে বা নিয়মিতভাবে সপ্তাহে অন্তত 10 ঘণ্টা বা তার বেশি সময় কাটাতে আসলে তার এক বছরের মধ্যে, এই দুইয়ের মধ্যে যেটা আগে হবে তার মধ্যে পরীক্ষা করতে হবে।

# সীসাযুক্ত রং সংক্রান্ত অমাননা

- NYC-র বাসস্থান সংরক্ষণ ও উন্নয়ন দপ্তর (NYC Department of Housing Preservation and Development, HPD) সেই সব পুরনো ভবনগুলির অ্যাপার্টমেন্টগুলি পরিদর্শন করবে যেগুলিতে শিশুরা থাকে যদি কোন অ্যাপার্টমেন্টের ভাড়াটিয়া **311** নম্বরে কল করেন।
- HPD যদি সীসাযুক্ত রংয়ের বিপদ দেখতে পায়, তাহলে ভবন মালিকদের অমাননা ধরানো হবে এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদেরকে সেই বিপদের সুরাহা করতে হবে।
- ভবন মালিকদের সীসাযুক্ত রংয়ের বিপদ দূর করার জন্য নিরাপদ কার্যাভ্যাসগুলিকে ব্যবহার করতেই হবে অথবা সীসাযুক্ত রং তুলে ফেলতে হবে। আরও তথ্যের জন্য **nyc.gov/hpd** দেখুন এবং **"lead-based paint"** (সীসাযুক্ত রং) খুঁজুন।
- HPD সেই সব অমাননাগুলিতে আবার পরিদর্শনে যাবে এবং সেখানে কোন সীসাযুক্ত রংয়ের বিপদ থাকলে তা দূর করবে যদি না সংশ্লিষ্ট ভবনের মালিক নিজে তা করেন। তেমন কোন মেরামতির দরকার হলে ভাড়াটিয়াদের HPD-কে তাদের অ্যাপার্টমেন্টে প্রবেশ করতে দিতে হবে।
- HPD ভবনের রেকর্ড অডিট করতে পারে এবং সীসাযুক্ত রংয়ের বিপদ আছে কিনা এবং খালি থাকাকালীন কাজ করানো হয়েছে কিনা তা দেখতে গোটা ভবনটি পরিদর্শন করতে পারে।



# সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধ করতে সহায়তা করুন

- নিম্নোক্তের জন্য **311** নম্বরে কল করুন:
  - কীভাবে সীসার পরীক্ষা করাবেন।
  - আপনার ভবন মালিক যদি চলটা ওঠা রং ঠিক না করান বা অনিরাপদভাবে মেরামতির কাজ করান, তাহলে সে ব্যাপারে জানান।
  - জলে সীসার উপস্থিতি পরীক্ষার জন্য একটি বিনামূল্যের পরীক্ষার কিট অর্ডার করুন।
  - এই পুস্তিকাটির অথবা সীমা সংক্রান্ত অন্যান্য বইপত্রের কপি অর্ডার করুন।
- মেঝে, জানালার গরাদ, হাত, খেলনা ও চুষিগুলিকে মাঝে-মাঝেই ধোবেন।
- আপনার শিশুর শরীরে সীসার উপস্থিতি পরীক্ষার জন্য আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন। একজন চিকিৎসা প্রদানকারী খুঁজে পেতে **311** নম্বরে অথবা 844-692-4692 নম্বরে কল করুন।

সংশ্লিষ্ট ভবনটি যদি 1960 সালের আগে নির্মিত হয়ে থাকে (অথবা 1960 থেকে 1978 সালের মধ্যে নির্মিত হয়ে থাকে এবং সীসাযুক্ত রং দিয়ে রং করানো হয়ে থাকে), তাহলে ভাড়াটিয়ারা যখন একটি লিজ স্বাক্ষর করবেন অথবা এই ভবনের কোন অ্যাপার্টমেন্টে থাকার জন্য আসবেন তখন সেই সব ভাড়ার ইউনিটগুলির মালিকদের তাদের ভাড়াটিয়াদের এই পুস্তিকার একটি মুদ্রিত বা ডিজিটাল কপি অবশ্যই দিতে হবে। এই পুস্তিকায় সীসাযুক্ত রং সংক্রান্ত বুনিয়াদি তথ্যাবলী রয়েছে, কোন আইনি পরামর্শ নয়।

নিম্নোক্ত সম্পর্কে আরও তথ্যের জন্য:

- Lead poisoning (সীসাঘটিত বিষক্রিয়া)-এর প্রতিরোধের জন্য **nyc.gov/lead** দেখুন
- ভবন মালিকদের জন্য Lead poisoning (সীসাঘটিত বিষক্রিয়া)-এর জন্য **nyc.gov/health** দেখুন এবং **"lead and building owners"** (সীসা ও ভবন মালিকগণ) খুঁজুন
- আইন ও প্রযোজ্য নিয়মাবলী সংক্রান্ত ওয়েবিনার ও মালিকদের নির্দেশিকার জন্য **nyc.gov/hpd** দেখুন এবং **"lead poisoning"** (সীসাঘটিত বিষক্রিয়া) খুঁজুন

EHS1324041 - 4.23 Bengali